# কাতার যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

দুই দিনের সফরে কাতারের রাজধানী দোহায় যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। সোমবার (১৭ আগস্ট) রাতে তার ঢাকা ছাড়ার কথা রয়েছে।

সফরে কাতারের প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুর রহমান আল-থানির সঙ্গে বৈঠক করবেন তিনি। সেখানে বাংলাদেশ ও কাতারের মধ্যকার সম্পর্ক, বিনিয়োগ এবং জ্বালানি সহযোগিতার নানা দিক নিয়ে আলোচনা হবে।

বিশেষ করে কাতার থেকে এলএনজি আমদানি, দেশের দীর্ঘমেয়াদি জ্বালানি চাহিদা পূরণ এবং বাংলাদেশে কাতারি বিনিয়োগ বাড়ানোর বিষয়গুলো গুরুত্ব পেতে পারে। পাশাপাশি দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ও বৈঠকে উঠে আসবে।

খলিলুর রহমানের সঙ্গে সফরসঙ্গী হিসেবে থাকছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনা উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির এবং বিডার নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী।

সফর শেষে ২০ আগস্ট তাদের ঢাকায় ফেরার কথা রয়েছে।

LENS ASIA